দৈনিক বাংলা

তারিখ 25 MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ৭

# সমগ্র জনগোষ্ঠীকে শিক্ষিত করাই আমাদের নীতি

—তথ্যমন্ত্রী

দোহার, ২৪ মে।–তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা বলেছেন, সমগ্র জনগোষ্ঠীকে শিক্ষিত করার জন্য বর্তমান সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জাতীয় বাজেটে সর্বাধিক ব্যয় বরাদ্দসহ দেশের সর্বত্র প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ শিক্ষার ব্যাপক প্রসার ও উন্নয়নে বৈপ্লবিক পদক্ষেপ বাস্তবায়ন করে চলেছে। তিনি বলেন, জনসাধারণকে শিক্ষিত করে গড়ে তোলাই আমাদের নীতি। ব্যাপক জনগোষ্ঠী শিক্ষিত হয়ে গড়ে উঠলে দেশের অনেক আর্থ–সামাজিক সমস্যার সহজতর সমাধান সম্ভব হবে।

তথ্যমন্ত্রী আজ ঢাকা জেলার দোহার থানা সফরকালে পদ্মা মহাবিদ্যালয়, মধুরখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়, নারিশা উচ্চ বিদ্যালয় এবং নারিশা আহ-মদিয়া মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত পৃথক পৃথক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। খবর তথ্য দফতরের বিজ্ঞপ্তির।

অনুষ্ঠানসমূহে অন্যান্যের মধ্যে সংসদ সদস্য হারুন–অর রশীদ খান মুন্নু, বাংলা-দেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার মহাসচিব সিগমা হুদা, বিশিষ্ট সমাজসেবী ডাঃ এ আর খান, দোহার থানা বিএনপি সভাপতি সিরাজ উদ্দীন আহমেদ, নারিশা

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## সমগ্র জনগোষ্ঠীকে

(প্রথম পৃষ্ঠার পর)

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ডাঃ আবুল কালাম এবং বিশিষ্ট সমাজ সংগঠক ইব্রাহিম খলিল সবুজ বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী বলেন, জাতীয়তাবাদী সরকার দেশব্যাপী জনগণের মধ্যে ব্যাপক শিক্ষার প্রসার ও বিস্তারে বিশ্বাসী। যাতে করে জনগণ সুশিক্ষিত হয়ে গড়ে উঠে জনসম্পদে পরিণত হয়, যোগ্যতার সাথে জাতির ভবিষ্যৎ নেতৃত্ব প্রদান করতে পারে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বর্তমান সরকার দেশব্যাপী শিক্ষা বিস্তার কর্মসূচীর সফল বাস্তবায়নের পাশাপাশি দারিদ্র্য বিমোচন এবং জনগণের আর্থ–সামাজিক উন্নয়নসহ রাস্তাঘাটের সংস্কার ও সম্প্রসারণ, ব্রীজ এবং কালভার্ট নির্মাণ ও পল্লী পূর্তকার্যক্রম জোরদার করেছে। আমরা দেশব্যাপী জনগণের কল্যাণে আর্থ–সামাজিক উন্নয়নের জোয়ার বইয়ে দিতে চাই। কিন্তু জনগণের আস্থাভাজন বিএনপি সরকার যাতে জনগণের কল্যাণে কাজ না করতে পারে, সেজন্য মহলবিশেষ উন্নয়ন কর্মসূচীর সফল বাস্তবায়নের পথে প্রতিনিয়ত প্রতিবন্ধকতা সৃষ্টি করে চলেছে। তিনি বলেন, জনগণ জানে কারা উন্নয়নের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে চলেছে। তিনি বলেন, জনগণ জানে কারা উন্নয়নের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে তৎপর। কারা মহান জাতীয় সংসদকে অচল করে দিতে চায়। তিনি বলেন, জনগণকে সংগঠিত হয়ে মহলবিশেষের নৈরাজ্য, হরতাল ও উৎপাদন বন্ধের রাজনীতি প্রতিহত করতে ঐক্যবদ্ধ হতে হবে।

তথ্যমন্ত্রী বলেন, আমরা বাংলাদেশকে একটি আত্মনির্ভরশীল ও সমৃদ্ধ দেশ হিসাবে বিশ্বের মানচিত্রে প্রতিষ্ঠিত করতে চাই। নিজস্ব সম্পদ দিয়ে এবার আমরা সাম্প্রতিক ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতি মোকাবিলা ও পুনর্বাসন কাজ চালিয়ে যাচ্ছি। বর্তমান সরকারের শাসনামলে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি অধিকতর উজ্জ্বল হয়েছে। আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশী শ্রমশক্তি, তৈরি পোশাক, চামড়ার দ্রব্য, ক্রোকারিজ এবং অন্যান্য রফতানী পণ্য অনেক সুনাম অর্জন করেছে। আমরা চাই আমাদের জনগণ সুশিক্ষিত হয়ে বহির্বিশ্বে দেশের জন্য আরো সম্মান বয়ে আনুক। এ জন্য ছেলেমেয়েদেরকে স্কুলে পাঠাতে অভিভাবকদেরকে উদ্যোগী হতে হবে। তিনি জনগণকে সুসংগঠিত করে স্থানীয় ক্ষুদ্র প্রকল্পসমূহ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করে বলেন, বর্তমান সরকার জনগণের আশা–আকাংক্ষা পূরণে কঠোর পরিশ্রম করছে। নির্দিষ্ট মেয়াদান্তে জনগণ–এর মূল্যায়ন করবে। তিবি বলেন, জনগণের কল্যাণে বর্তমান সরকার বিশ্বাসী। তিনি বলেন, আমরা জনগণের উন্নয়ন কার্যক্রমে সক্রিয়ভাবে সম্পৃক্ত করে জাতীয় উন্নয়নকে ত্বরান্বিত করতে চাই। তিনি এ প্রসঙ্গে জাতীয় ঐক্য আরো জোরদার করার মাধ্যমে উন্নয়নের কাংক্ষিত লক্ষ্য অর্জনে সকলকে এগিয়ে আসার আহবান জানান। সফরকালে তথ্যমন্ত্রী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা রোপণ করেন।

অনুষ্ঠানে সংসদ সদস্য হারুন–অর রশীদ খান মুন্নু স্থানীয় মধুরখোলা সরকারী বিদ্যালয়ে উন্নয়নের জন্য বিশ হাজার টাকার চেক এবং নারিশা উচ্চ বিদ্যালয়ের উন্নয়নের জন্য পঁচিশ হাজার টাকার চেক প্রদান করেন।